গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

তারিখ: ১৪/০৬/২০১৭ খ্রি.

স্মারক ন.- ৩১.০০.০০০০.০৩৮.২৬.০১২.১৪.১১৩

বিষয় : বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন নিয়ন্ত্রিত সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের এল-২০০ স্পোর্টারো ৯৬ টি ডাবল কেবিন পিকআপ ক্রয় সংক্রান্ত।

সূত্র : ১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর স্মারক নং-০৭.১১৮.০২০.৪৬.০১.০১৮.২০১৪-৩৩৬, ০৮/০৬/২০১৭ খ্রিঃ।
২। অধিশাখা-২(মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয় এর স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০২৮.১৫.৫০২/১(০১), তারিখ: ১৪/০৬/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ ১ নং স্মারকের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন উপজেলা ভূমি অফিসমূহের কর্মরত সহকারী কমিশনার (ভূমি) এ দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন নিয়ন্ত্রিত সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের এল-২০০ স্পোর্টারো ডাবল কেবিন পিকআপ সরাসরি পদ্ধতিতে ক্রয় করার নিমিত্ত নতুন স্পদ সংগ্রহ খাতে সংশোধিত বরাদ্দ {(অনুন্নয়ন) ২০১৬-২০১৭ ভূমি মন্ত্রণালয়-৪৬ মোটর যান-৬৮০৭ খাতে} ৫০,০০,০০,০০০ (পঞ্চাশ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়। জ্বালানী খাতের নির্ধারিত কোডে কোন বরাদ্দ প্রদান করা হয়নি। প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের প্রস্তাবের প্রেক্ষিতে প্রতিটি গাড়ীর ক্রয়মূল্য (হেড স্ট্রাকচার ও প্রয়োজনীয় এক্সেসেসরিজসহ) ৪৬,২৯,৫০০/- টাকা এবং প্রতিটি গাড়ির রেজিস্ট্রেশন ও আনুষংগিক খাতে ব্যয় {রেজিস্ট্রেশন ফি বাবদ খরচ (ভ্যাটসহ)-৩২৭১৮/- টাকা, tax টোকেন বাবদ খরচ-৫২/- টাকা, ফিটনেস বাবদ খরচ-৫২/- টাকা, ডিজিটাল প্লেট বাবদ-৪৬২৮/- টাকা, ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট বাবদ-৫৫৫/- টাকা} বাবদ মোট ব্যায় ৩৮,০০৫/- টাকা। সে হিসেবে প্রতিটি গাড়ি ক্রয় ও আনুসংগিক ব্যয় দাড়ায় {৪৬,২৯,৫০০+৩৮,০০৫) = ৪৬,৬৭,৫০৫/- টাকা। সার্বিক হিসেবে বরাদ্দকৃত ৫০ কোটি টাকা দিয়ে মোট ১০৭টি ডাবল কেবিন পিকআপ ক্রয় করার নিমিত্ত বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন নিয়ন্ত্রিত সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডস্ট্রিজ লিমিটেড এর অনুকূলে ক্রয়াদেশ প্রদান করা হয়। উক্ত ক্রয়াদেশে সর্বমোট ব্যয় দেখানো হয়েছিল ৪৯,৯৪,২৩,০৩৫/- (উনপঞ্চাশ কোটি চুরানব্বই লক্ষ তেইশ হাজার পঁয়ত্রিশ) টাকা।

২। ইতিমধ্যে মহাব্যবস্থাপক, প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, তেজগাঁও, ঢাকা ১১/০৬/২০১৭ খ্রিঃ তারিখের ৩৬.০৯৩.০৩০.০৯.৭৭.০০১.২০১৭-৬০৭০ নং স্মারকের মাধ্যমে জানিয়েছেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য ঘোষিত বাজেটে ২০০১ সিসি হতে ৩০০০ সিসি গাড়ীর CBU অবস্থায় মিতসুবিশি এল-২০০ ডাবল কেবিন পিকআপের উপর সম্পূরক শুল্ক হার ৬০% হতে বৃদ্ধি করে ১০০% এ নির্ধারণ করার এবং ঘোষিত বাজেটের প্রস্তাবিত এ বর্ধিত শুল্ক জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১লা জুন, ২০১৭ হতে কার্যকর হওয়ায় প্রগতি ইন্ডস্ট্রিজ লিমিটেড কোম্পানী বোর্ড কর্তৃক মিতসুবিশি এল-২০০ ডাবল কেবিন পিকআপের পূর্ব নির্ধারিত মূল্য টা: ৪৫,০০,০০০/- (পঁয়তাল্লিশ লক্ষ) হতে বৃদ্ধি করে টা: ৪৯,৫০,০০০/- (উনপঞ্চাশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পুন:নির্ধারণ করেছে। সকল প্রকার ফিটিংস ও হুডস্ট্রাকচার এর পূর্ব নির্ধারিত মূল্য যথাক্রমে টা: ৬৯,৫০০/- ও ১,১০,০০০/- অপরিবর্তিত রয়েছে। সুতরাং সকল প্রকার ফিটিংস ও হুডস্ট্রাকচারসহ প্রতিটি গাড়ির মূল্য হবে (৪৯,৫০,০০০/-+১,১০,০০০/-+৬৯,৫০০/-)=৫১,২৯,৫০০/- টাকা এবং রেজিস্ট্রেশনসহ অন্যান্য ব্যয় ৩৮,০০৫-(আটত্রিশ হাজার পাঁচ) টাকা। অর্থ্যাৎ প্রতিটি গাড়ির ব্যয় দাড়ায় (৪৯,৫০,০০০/- +১,১০,০০০/-+৬৯,৫০০/-+৩৮,০০৫/-)=৫১,৬৭,৫০৫/- টাকা; সে হিসেবে নির্দিষ্ট বরাদ্দকৃত অর্থ অর্থাৎ ৫০(পঞ্চাশ কোটি) টাকা দ্বারা গাড়ি ক্রয় করতে হলে সর্বমোট ৯৬টি গাড়ি ক্রয় করা সম্ভব হবে। যার মূল্য (৫১,২৯,৫০০/- ×৯৬)=৪৯,২৪,৩২,০০০/- (উনপঞ্চাশ কোটি চব্বিশ লক্ষ বত্রিশ হাজার) টাকা এবং রেজিস্ট্রেশনসহ অন্যান্য ব্যয় (৩৮,০০৫x৯৬)=৩৬,৪৮,৪৮০/-(ছত্রিশ লক্ষ আটচল্লিশ হাজার চারশত আশি) টাকা। ৯৬টি ডাবল কেবিন পিকআপ ক্রয় বাবদ সর্বমোট ব্যয় হবে- (৪৯,২৪,৩২,০০০/- + ৩৬,৪৮,৪৮০/-)=৪৯,৬০,৮০,৪৮০/- (উনপঞ্চাশ কোটি ষাট লক্ষ আশি হাজার চারশত আশি) টাকা মাত্র। ১৪/০৬/২০১৭ খ্রিঃ তারিখ ৩১.০০.০০০০.০৪৬.৬৮,০২৮.১৫.৪৯৬ নং স্মারকে প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, তেজগাঁও, ঢাকা বরাবর উল্লিখিত পত্রে ধারাবাহিকতায় অর্থ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত ৫০ (পঞ্চাশ কোটি) টাকার সীমার মধ্যে ১০৭ টির পরিবর্তে ৯৬টি প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেডের এল-২০০ স্পোর্টারো ডাবল কেবিন পিকআপ সরাসরি পদ্ধতিতে ক্রয় করার নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশোধিত নোটিফিকেশন এ্যাওয়ার্ড জারী করা হয়েছে।

প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড ১৮ জুন, ২০১৭ এর মধ্যে ভূমি মন্ত্রণালয়ের অনুকূলে গাড়ীসমূহ সরবরাহ করার কথা রয়েছে। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন নিয়ন্ত্রিত সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডষ্ট্রিজ লিমিটেডের ৯৬টি এল-২০০ স্পোর্টারো ডাবল কেবিন পিকআপ সরাসরি পদ্ধতিতে ক্রয় করার নিমিত্ত নতুন সম্পদ সংগ্রহ খাতে সংশোধিত বরাদ্দ {(অনুন্নয়ন) ২০১৬-১৭ ভূমি মন্ত্রণালয়-৪৬ মোটর যান-৬৮০৭ খাতে } ৫০,০০,০০,০০০ (পঞ্চাশ কোটি) টাকা হতে ৪৯,৬০,৮০,৪৮০/- (উনপঞ্চাশ কোটি ষাট লক্ষ আশি হাজার চারশত আশি) টাকা অর্থ মন্ত্রণালয় হতে ছাড় করার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছেন।

৩।	এমতাবস্থায়, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন নিয়ন্ত্রিত সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডষ্ট্রিজ লিমিটেডের ৯৬টি এল-২০০ স্পোর্টারো ডাবল কেবিন পিকআপ সরাসরি পদ্ধতিতে ক্রয় করার নিমিত্ত নতুন সম্পদ সংগ্রহ খাতে সংশোধিত বরাদ্দ {(অনুন্নয়ন) ২০১৬-১৭ ভূমি মন্ত্রণালয়-৪৬ মোটর যান-**৬৮০৭ খাতে } ৫০,০০,০০,০০০ (পঞ্চাশ কোটি) টাকা হতে ৪৯,৬০,৮০,৪৮০/- (উনপঞ্চাশ কোটি ষাট লক্ষ আশি হাজার চারশত আশি) টাকা ছাড় করার নিমিত্ত অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি- বর্ণনানুযায়ী।

স্বা/-
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)

সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ- উপসচিব, বাজেট-১৮,
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়)

স্মারক ন.- ৩১.০০.০০০০.০৩৮.২৬.০১২.১৪.১১৩/১(৪)	তারিখ: ১৪/০৬/২০১৭ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

০১। উপসচিব, মাঠপ্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় অগবতির জন্য।
০৩। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত)।
০৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৫। অফিস কপি।
০৬। মাষ্টার কপি।

১৪/০৬/২০১৭
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০ (অঃ)
selinasultana1973@gmail.com